# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯৫০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭৯. বসে সালাত আদায় করা

## باب فِي صَلاَةِ الْقَاعِدِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ قُدَامَةَ بْنِ أَعْيَنَ، حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ مَنْصُورٍ، عَنْ هِلاَلٍ، - يَعْنِي ابْنَ يِسَافٍ - عَنْ أَبِي يَحْيَى، عَنْ عَبْدِ اللهِ بْنِ عَمْرٍو، قَالَ حُدِّثْتُ أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قَالَ " صَلاَةُ الرَّجُلِ قَاعِدًا نِصْفُ الصَّلاَةِ " . فَأَتَيْتُهُ فَوَجَدْتُهُ يُصَلِّي جَالِسًا فَوَضَعْتُ يَدَىَّ عَلَى رَأْسِي فَقَالَ مَا لَكَ يَا عَبْدَ اللهِ بْنَ عَمْرٍو قُلْتُ حُدِّثْتُ يَا رَسُولَ اللهِ أَنَّكَ قُلْتَ " صَلاَةُ الرَّجُلِ قَاعِدًا نِصْفُ الصَّلاَةِ " . وَأَنْتَ تُصَلِّي قَاعِدًا قَالَ " أَجَلْ وَلَكِنِّي لَسْتُ كَأَحَدٍ مِنْكُمْ " .

- صحيح : م

বাংলা

৯৫০। ’আবদুল্লাহ ইবনু ’আমর (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমার নিকট বর্ণনা করা হয় যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কোন ব্যক্তি বসে (নফল) সালাত আদায় করলে তা অর্ধেক সালাত আদায় হিসেবে ধর্তব্য। অতঃপর আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট গিয়ে দেখলাম, তিনি বসে সালাত আদায় করছেন। এ দৃশ্য দেখে আমি আমার মাথায় হাত রাখলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে জিজ্ঞাসা করলেন, হে ’আবদুল্লাহ ইবনু ’আমর! তোমার কি হয়েছে? আমি বললাম, হে আল্লাহর রসূল! আমার নিকট হাদীস বর্ণনা করা হয়েছিল যে, আপনি বলেছেন, কোন ব্যক্তি বসে (নফল) সালাত আদায় করলে তা (দাঁড়িয়ে) অর্ধেক সালাত আদায়ের সমতুল্য। অথচ আপনি বসে সালাত আদায় করছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হ্যাঁ, আমি তাই বলেছি। কিন্তু আমি তোমাদের কারো মত নই।[1]

সহীহ : মুসলিম।

## English

‘Abd Allah b. ‘Amr said :

It has been narrated to me that the Messenger of Allah (ﷺ) said : The Prayer of a man in sitting condition is half the prayer (wins him half the reward of prayer). I came to him and found him prayer in sitting condition. I placed my hand on my head (in surprise). He said: what is the matter,’Abd Allah b. ‘Amr? I said; Messenger of Allah (ﷺ) you have been reported to me as saying : the prayer of a man in sitting condition is half the prayer , but you are praying in sitting condition. He said: yes, but I am not like one of you.

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত, অনুঃ নফল সালাত দাঁড়িয়ে এবং বসে আদায় করা জায়িয), নাসায়ী (অধ্যায় : ক্বিয়ামুল লাইল, অনুঃ বসে সালাত আদায়কারীর উপর দাঁড়িয়ে সালাত আদায়কারীর ফাযীলাত, হাঃ ১৬৫৮), দারিমী (অধ্যায় : সালাত অনুঃ বসে সালাত আদায়, হাঃ ১৩৮৪), মালিক (অধ্যায় : জামা‘আতে সালাত আদায়, অনুঃ দাঁড়িয়ে সালাত আদায়কারীর ফাযীলাত, হাঃ ১৯), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ বসে সালাত আদায়কারী দাঁড়িয়ে সালাত আদায়কারীর অর্ধেক সওয়াব পাবে, হাঃ ১২২৯) ভিন্ন সনদে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58268

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন